

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

জাতীয় রাজস্ব বোর্ড

ঢাকা

(শুল্ক)

প্রজ্ঞাপন

ঢাকা, ২৯শে জ্যৈষ্ঠ, ১৪০৪ বাংলা, ১২ই জুন, ১৯৯৭ ইংরেজী।

নং এস.আর.ও ১৫৫-আইন/৯৭/১৭১৩/শুল্ক। – Customs Act, 1969 (IV of 1969) এর section 219 এ প্রদত্ত ক্ষমতাবলে জাতীয় রাজস্ব বোর্ড, আটককৃত যানবাহন (অন্তর্বর্তীকালীন ছাড় প্রদান) বিধিমালা, ১৯৯৬ রহিত করিয়া, নিম্নরূপ বিধিমালা প্রণয়ন করিল, যথাঃ—

- ১। **সংশ্লিষ্ট শিরোনাম।**— এই বিধিমালা আটককৃত যানবাহন (অন্তর্বর্তীকালীন ছাড় প্রদান) বিধিমালা, ১৯৯৭ নামে অভিহিত হইবে।
- ২। **আটককৃত যানবাহন ছাড় প্রদানকারী কর্মকর্তা।**— Customs Act, 1969 (IV of 1969) এর অধীন বাজেয়াপ্তযোগ্য কোন পণ্য, অতঃপর পণ্য বলিয়া উলিখিত, পরিবহন অথবা বোঝাই করার দায়ে উক্ত Act এর section 219 এর sub-section (2) অধীন আটককৃত কোন যানবাহন, অতঃপর যানবাহন বলিয়া উলিখিত, সংশ্লিষ্ট মালামাল চূড়ান্ত নিষ্পত্তি না হওয়া পর্যন্ত সহকারী কমিশনার এর পদমর্যাদার নিম্নে নহেন এইরূপ কোন শুল্ক কর্মকর্তা, অতঃপর সংশ্লিষ্ট কর্মকর্তা বলিয়া উলিখিত, বিধি ৩ এ বর্ণিত শর্তাদি পূরণ ও বিধি ৪ এ বর্ণিত পদ্ধতি অনুসরণ সাপেক্ষে, অন্তর্বর্তীকালীন ছাড়, অতঃপর ছাড় বলিয়া উলিখিত, প্রদান করিতে পারিবেন।
- ৩। **যানবাহন ছাড় প্রদানের শর্তাবলী।**— বিধি ২এর অধীন যানবাহন ছাড় প্রদান করার উদ্দেশ্যে সংশ্লিষ্ট কর্মকর্তার নিকট নিম্নবর্ণিত বিষয়সমূহ সন্তোষজনক বলিয়া প্রতীয়মান হইতে হইবে, যথাঃ—
 - (ক) যানবাহনের মালিক বা চালক ইতোপূর্বে অনুরূপ পণ্য পরিবহনে অংশ গ্রহণ করে নাই;
 - (খ) যানবাহন ছাড় প্রদান করার ফলে উক্ত যানবাহন ও পণ্য সংক্রান্ত বিচারাধীন মামলা নিষ্পত্তির ক্ষেত্রে ন্যায় বিচারের স্বার্থ ক্ষুণ্ণ অথবা আলামত বিনষ্ট হইবে না।
- ৪। **যানবাহন ছাড় প্রদানের পদ্ধতি।**— (১) সরকার কর্তৃক অনুমোদিত এবং যথাযথ কর্তৃপক্ষ কর্তৃক নিবন্ধিত বাংলাদেশের কোন যানবাহন মালিক সমিতিভুক্ত সদস্যদের মালিকানাধীন বাস, ট্রাক, মিনিবাস ও অন্যান্য মোটর চালিত যানবাহন ছাড় প্রদানের ক্ষেত্রে নিম্নবর্ণিত পদ্ধতি অনুসরণ করিতে হইবে, যথাঃ—

(ক) যানবাহনের প্রকৃত মালিককে যানবাহন মালিক সমিতির সদস্যভুক্তির হালনাগাদ সনদপত্র অথবা উক্ত সমিতি কর্তৃক প্রদত্ত এতদসম্পর্কিত প্রত্যয়নপত্র এবং উক্ত

যানবাহনের মালিকানা সম্পর্কিত সকল প্রকার প্রমাণাদিসহ উক্ত যানবাহন ছাড় প্রদানের জন্য আবেদনপত্র সংশ্লিষ্ট কর্মকর্তার নিকট দাখিল করিতে হইবে;

(খ) যানবাহনের প্রকৃত মালিককে সংশ্লিষ্ট কর্মকর্তার নিকট নন জুডিসিয়াল স্ট্যাম্পে যানবাহন মালিক সমিতি কর্তৃক প্রত্যয়িত এবং যথাযথভাবে সীল-স্বাক্ষরযুক্ত একটি ব্যক্তিগত মুচলেকা এই মর্মে প্রদান করিতে হইবে যে, সংশ্লিষ্ট কর্মকর্তার নির্দেশ মোতাবেক উক্ত যানবাহনের মালিক যে কোন সময় যে কোন স্থানে উক্ত যানবাহন উপস্থাপন করিতে এবং মালামাল রায় প্রদানকারী কর্মকর্তা কর্তৃক প্রদত্ত কোন শাস্তি মানিয়া লইতে ও আরোপিত জরিমানা পরিশোধ করিতে বাধ্য থাকিবে।

(২) উপ-বিধি (১) এ বর্ণিত যানবাহন ব্যতীত অন্যান্য যানবাহন ছাড় প্রদানের ক্ষেত্রে নিম্নরূপ পদ্ধতি অনুসরণ করিতে হইবে; যথাঃ—

(ক) যানবাহনের প্রকৃত মালিককে উক্ত যানবাহনের মালিকানা সম্পর্কিত সকল প্রকার প্রমাণাদিসহ উক্ত যানবাহন ছাড় প্রদানের আবেদনপত্র সংশ্লিষ্ট কর্মকর্তার নিকট দাখিল করিতে হইবে;

(খ) যানবাহনের প্রকৃত মালিককে সংশ্লিষ্ট কর্মকর্তার নিকট এই বিধিমালার সহিত সংযোজিত পরিশিষ্টে প্রদত্ত ছক মোতাবেক যে কোন তফসিলী ব্যাংক হইতে সংশ্লিষ্ট কর্মকর্তা যেরূপ গ্রহণযোগ্য মনে করেন সেইরূপ অর্থের জন্য একটি নিঃশর্ত ব্যাংক গ্যারান্টি প্রদান করিতে হইবে।

(৩) যানবাহন সম্পর্কে কোন আদালতে কোন মামলা বিচারাধীন থাকিলে, সংশ্লিষ্ট আদালতের পূর্বানুমতি সাপেক্ষে, উক্ত যানবাহন ছাড় প্রদান করা যাইবে।

পরিশিষ্ট

[বিধি ৪(২) (খ) দ্রষ্টব্য]

ব্যাংক গ্যারান্টির ছক

আমরা -----

(ব্যাংকের নাম ও ঠিকানা)

Customs Act, 1969 (IV of 1969) Gi section 157 Gi sub-section (2) মোতাবেক জনাব
/ মেসার্স -----

-

(যানবাহনের প্রকৃত মালিকের নাম ও ঠিকানা)

এর মালিকানাধীন ----- অন্তর্বর্তীকালীন ছাড়

(সংস্থা ও যানবাহনের প্রকার)

প্রদানের জন্য সহকারী/ডেপুটি/যুগ্ম/অতিরিক্ত কমিশনার/ কমিশনার অব কাস্টমস -----

(শুল্ক স্টেশনের নাম ও ঠিকানা)

এর মাধ্যমে গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের নিকট টাকা -----

(টাকার পরিমাণ অংক ও কথায়)

এর জন্য অত্র গ্যারান্টি প্রদান করিতেছি। আমরা এই মর্মে আরও অংগীকার করিতেছি যে, আলোচ্য যানবাহনের মালিক উল্লিখিত কর্মকর্তার নির্দেশ মোতাবেক উক্ত যানবাহন যে কোন সময় যে কোন স্থানে উপস্থাপন করিতে বাধ্য থাকিবে এবং উক্তরূপ উপস্থাপন করিতে ব্যর্থ হইলে উক্ত কর্মকর্তা কর্তৃক চাহিবামাত্র টাকা -----

(টাকার পরিমাণ অংক ও কথায়)

কোন প্রকার ওজর আপত্তি ছাড়া এবং যানবাহনের মালিকের সহিত কোন যোগাযোগ ব্যতিরেকে নিঃশর্তভাবে প্রদান করিতে বাধ্য থাকিব। যানবাহন সম্পর্কিত তথ্যাবলী নিম্নরূপঃ-

(ক) যানবাহনের ধরণ -----

(খ) মডেল ও তৈরীর সন -----

(গ) চেসিস নম্বর -----

(ঘ) ইঞ্জিন নম্বর -----

(ঙ) রেজিস্ট্রেশন স্থান ----- তারিখ -----

রেজিস্ট্রেশন নম্বর ----- রেজিস্ট্রেশনের বৈধ মেয়াদ -----

(চ) চালকের নাম ----- ড্রাইভিং লাইসেন্স নম্বর -----

২। অত্র ব্যাংক গ্যারান্টিটি আলোচ্য যানবাহন সংক্রান্ত মালামাল চূড়ান্ত মামলার নিষ্পত্তি আদেশ জারি না হওয়া পর্যন্ত বলবৎ থাকিবে।

স্থান ----- স্বাক্ষর -----

তারিখ ----- নাম -----

পদবী -----

সীলমোহর -----

[সংশ্লিষ্ট শুল্ক দপ্তর কর্তৃক পূরণীয়]

(১) আটক মামলার নম্বরঃ ----- তারিখঃ -----

- (২) ব্যাংক গ্যারান্টি রেজিস্টার নম্বরঃ -----
(৩) রেজিস্টারে এই ব্যাংক গ্যারান্টির ক্রমিক নম্বরঃ-----

.....
সহকারী/ডেপুটি/যুগ্ম/অতিরিক্ত কমিশনার/কমিশনারের স্বাক্ষর

জাতীয় রাজস্ব বোর্ডের আদেশক্রমে,

স্বাক্ষর/-

(মোঃ মাসুদ সাদিক)

দ্বিতীয় সচিব (শুল্ক)।